22

6 FEB 1987

তারিখ ... 6 FEB 1987 ...
পৃষ্ঠা ... কলাম ...

দৈনিক সংবাদ

বাংলাদেশ শিক্ষা তথ্য ও ... ডকুমেন্টেশন কেন্দ্র

# শিক্ষাঙ্গনের পরিস্থিতির ওপর সংসদে ১২ই ফেব্রুয়ারী আলোচনা হবে

॥ সংসদ রিপোর্টার ॥

গতকাল বৃহস্পতিবার সংসদে বেসরকারী সদস্যদের চারটি সিদ্ধান্ত-প্রস্তাব উত্থাপিত হয়। এই সিদ্ধান্ত-প্রস্তাবগুলো নিয়ে বেসরকারী সদস্যদের কার্যাবলীর জন্য নির্ধারিত পরবর্তী দিনে অর্থাৎ আগামী বৃহস্পতিবারে আলোচনা হবে।

গতকাল বিকেল সাড়ে ৪টায় স্পীকার শামসুল হুদা চৌধুরীর সভাপতিত্বে অধিবেশনের কাজ শুরু হয়। প্রশ্নোত্তর পর্বশেষে নামাজের বিরতির পর সন্ধ্যা ৬টা ৫৫ মিনিটে বৈঠক আবার আরম্ভ হলে বিরোধীদলের কয়েকজন সদস্য বিশেষ অধিকার প্রশ্নে স্পীকারের দৃষ্টি আকর্ষণ করে বক্তব্য রাখেন।

দিনের কার্যসূচী অনুযায়ী বেসরকারী সদস্যদের সিদ্ধান্ত-প্রস্তাব উত্থাপন শুরু হওয়ার পর প্রথমেই আওয়ামী লীগের এডভোকেট আসাদুজ্জামান শিক্ষাঙ্গনের পরিস্থিতি ও শিক্ষার পরিবেশ সম্পর্কে তার প্রস্তাবটি তোলেন। প্রস্তাবে বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে অস্ত্রের রাজনীতি বন্ধ করে শিক্ষাঙ্গনে শিক্ষার সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার ব্যবস্থা করার দাবী জানানো হয়। উত্থাপনের সাথে সাথেই সরকারী ও বিরোধী উভয় দলের সদস্যরাই টেবিল চাপড়ে প্রস্তাবটিকে স্বাগত জানান।

এনএপির সংসদীয় গ্রুপের নেতা সুরঞ্জিত সেনগুপ্ত গত বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিনা অনুমতিতে পুলিশের প্রবেশের

(শেষ পৃ: ৪-এর ক: দ্র:)

উপ-প্রধানমন্ত্রী ডা: এম, এ মতিন তার বিবৃতিদান শুরু করলে বিরোধীদলের সদস্যরা আপত্তি জানান। হৈচৈ'র মধ্যেই উপ-প্রধানমন্ত্রী তার সংক্ষিপ্ত বিবৃতিতে বলেন যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের পবিত্রতা রক্ষার জন্যই পুলিশ সেখানে গিয়ে অস্ত্র উদ্ধার করেছে। স্পীকার জানান যে, সিদ্ধান্ত-প্রস্তাবটি নিয়ে পরবর্তী বেসরকারী দিবসেই আলোচনা হবে।

আওয়ামী লীগের ইমাজউদ্দিন প্রামাণিক তার উত্থাপিত সিদ্ধান্ত-প্রস্তাবে কৃষিঋণের সুদ মওকুফের সময়সীমা বন্যাদুর্গত এলাকাগুলোর জন্য এক বছর বাড়ানোর দাবী জানান।

আওয়ামী লীগের অধ্যক্ষ আবুল কালাম মজুমদার ডাকাতিয়া নদী সংস্কার সম্পর্কে এবং জাসদ (সিরাজ)-এর খোন্দকার মোহাম্মদ খুররম পুরাতন ব্রহ্মপুত্র নদের ওপর সেতু নির্মাণ সম্পর্কে দু'টি সিদ্ধান্ত-প্রস্তাব উত্থাপন করেন।

সবক'টি সিদ্ধান্ত-প্রস্তাব আগামী বেসরকারী দিবস বৃহস্পতিবারে আলোচনা হবে বলে স্পীকার ঘোষণা করেন।

**জনগুরুত্বপূর্ণ বিষয়ক প্রস্তাব**

সয়াবিন তেল ও পাম অয়েল আমদানী সম্পর্কে আওয়ামী লীগের মো: মোবারক হোসেন আনীত জনগুরুত্বপূর্ণ বিষয়ক একটি প্রস্তাব আলোচনার জন্য গৃহীত হয়েছে বলে স্পীকার জানান এবং বলেন যে, আলোচনার তারিখ পরে দেয়া হবে।

**বিশেষ অধিকার প্রস্তাব**

আওয়ামী লীগের আ, স, ম, ফিরোজ গতকাল সংসদে একটি বিশেষ অধিকার প্রস্তাব এনে বলেন, পটুয়াখালীর সার্কিট হাউসে তাকে ভিআইপি রুম না দিয়ে ২ নম্বর কক্ষ দেয়া হয়েছিল। এ বিষয়ে জেলা প্রশাসকের দৃষ্টি আকর্ষণ করেও ফল হয়নি। এতে সংসদ সদস্যদের পদমর্যাদা ক্ষুন্ন হয়েছে বলে তিনি অভিযোগ করেন। স্পীকার অভিযোগটি পরীক্ষা ও তদন্তের জন্য বিশেষ অধিকার সম্পর্কিত স্থায়ী কমিটিতে পাঠান।

গতকালের অধিবেশনের শেষ পর্যায়ে রাষ্ট্রপতির ভাষণ সম্পর্কে ধন্যবাদ প্রস্তাবের ওপর সরকার ও বিরোধীদলের ২ জন সদস্য আলোচনা করেন। এরপর স্পীকার রাত ৮টা ১০ মিনিটে সংসদের অধিবেশন রোববার পর্যন্ত মুলতবী ঘোষণা করেন।

## শিক্ষাঙ্গনের পরিস্থিতি

(১ম পাতার পর)

কারণ জানতে চান। বিরোধী দলের বেশ কয়েকজন সদস্য বিষয়টি নিয়ে আলোচনার দাবী জানান।

সংসদ নেতা মিজানুর রহমান চৌধুরী প্রসঙ্গে বলেন, "আমরা সিদ্ধান্ত-প্রস্তাবটির বিরোধী নই। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে পুলিশ অস্ত্র উদ্ধার করেছে। বিশ্ববিদ্যালয়ের পবিত্রতা রক্ষার দায়িত্ব শুধু আইন-শৃংখলা রক্ষাকারী কর্তৃপক্ষের নয়, এ দায়িত্ব সমগ্র দেশবাসীর। তবে বিশ্ববিদ্যালয়ে অস্ত্র রাখা যদি বিরোধীদল সমর্থন করেন, তাহলে ভিন্ন কথা।" বিশ্ববিদ্যালয় থেকে অস্ত্র উদ্ধার সম্পর্কে স্বরাষ্ট্রমন্ত্রীকে বিবৃতি দেয়ার জন্য তিনি স্পীকারের মাধ্যমে অনুরোধ জানান।